আজকের কাগজ

তারিখ 28 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

১২৯

# যশোর বোর্ড ১১৯০ জন পরীক্ষার্থীকে শাস্তি দিয়েছে

১৯৯২ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও অসদাচরণের দায়ে যশোর বোর্ড ১ হাজার ১শ' ৯০ জন পরীক্ষর্থীকে শাস্তি প্রদান করেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সূত্রে প্রকাশ, যশোর বোর্ডের শৃংখলা কমিটি - ৬শ'৩৪ জনকে শুধু ১৯৯২ সালের পরীক্ষা বাতিল, ৪শ' ৫৬ জনকে ৯২ সালের পরীক্ষা বাতিলসহ ৯৩ সালের পরীক্ষায় অংশ গ্রহণ রহিত, ৯৩ জনকে ৯২ সালের পরীক্ষা বাতিলসহ ৯৪ সাল পর্যন্ত পরীক্ষায় অংশ গ্রহণ রহিত, ৫ জনকে ৯২ সালের পরীক্ষা বাতিলসহ ৯৫ সাল পর্যন্ত পরীক্ষায় অংশ গ্রহণ রহিত ও ২ জনকে ৯২ সালের পরীক্ষা বাতিলসহ ৯৬ সাল পর্যন্ত পরীক্ষায় অংশ গ্রহণ রহিত করেছেন। শাস্তি প্রাপ্তদের মধ্যে১শ' ৯৪ জন ছাত্রী রয়েছে। মাগুরা থেকে চম্পক রায় চৌধুরী।